গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের কার্যালয়
হাটহাজারী, চট্টগ্রাম।
web- seo.hathazari.chittagong.gov.bd

স্মারক নং-৩৭.০২.১৫৬১.১০১.০৫১৬.২৩-২৬৯(৯০) তারিখঃ ২৩/০৮/২০২৩ খ্রি.

## উপজেলা পর্যায়ে প্রতিষ্ঠান প্রধানদের সাথে মাসিক/ত্রৈমাসিক সমন্বয় সভার কার্যবিবরনী ঃ-

সভাপতি ঃ উপজেলা নির্বাহী অফিসার, হাটহাজারী, চট্টগ্রাম।
সভার স্থান ঃ উপজেলা পরিষদ মিলনায়তন, হাটহাজারী, চট্টগ্রাম।
তারিখ ঃ ২৩/০৮/২০২৩ খ্রি.
সময় ঃ ১০.৩০ টায়

**সভায় উপস্থিতির স্বাক্ষর পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য**

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তারপর সভাপতি উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে, অদ্যকার সভার আলোচ্যসুচী মোতাবেক সভা পরিচালনা করার জন্য অনুরোধ করেন। তারপর আলোচ্য সুচী মোতাবেক বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গ্রহণ করা হয়ঃ

| ক্রমিক নং | বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১ | সভার শুরুতে পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। এর উপর বিস্তারিত আলাপ আলোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে বিগত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়। | সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ |
| ০২ | জাতীয় শিক্ষাক্রম-২০২১ এর উপরে বিস্তারিত আলোচনা করা হয়। | এ সংক্রান্ত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে সকল শিক্ষা প্রতিষ্ঠানে সরকারি নির্দেশনা মোতাবেক নতুন কারিকুলাম বাস্তবায়নের জন্য আন্তরিক ভাবে সকল শিক্ষা প্রতিষ্ঠান দায়িত্ব পালনে যত্নশীল হবেন মর্মে সিদ্ধান্ত হয়। শিক্ষা প্রতিষ্ঠান প্রধানদের সময় সূচী, অভিন্ন রুটিন, শিখন উপকরণগুলো সঠিকভাবে ব্যবহার ও মূল্যায়ন ট্রান্সক্রিপ্ট সরকারি নির্দেশনা মোতাবেক পরিচালনা করবেন মর্মে একমত পোষন করা হয়। শিক্ষা উপকরণ সংরক্ষণ করার জন্য আলাদারুমের ব্যবস্থা ও প্রয়োজনে উপকরণ মেলার আয়োজন করতে হবে। তাছাড়া মূল্যায়ন শুধু চিহ্ন ব্যবহার করলেই হবে না সংকেতের পাশা-পাশি বিস্তারিত বর্ণনা লিখতে হবে। একই সাথে মাস্টার ট্রেইনারদের নিয়ে জুম মিটিং করারও সিদ্ধান্ত গৃহীত হয়। | সকল প্রতিষ্ঠান প্রধান ও সংশ্লিষ্ট শিক্ষকবৃন্দ |
| ০৩ | সরকারি পাঠ্যপুস্তক সংরক্ষণ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ২০২৩ সনের সরকারি পাঠ্যপুস্তক তিনটি শিক্ষা প্রতিষ্ঠানে রাখায় গুদামজাত করণ ও বিতরণে অনেক সমস্যার সৃষ্টি হয়। সে জন্য অদ্যকার সভায় বিস্তারিত আলোচনার পর ২০২৪ সন থেকে বিনামূল্যের সকল পাঠ্যপুস্তক প্রশাসনের নির্দেশনার আলোকে হাটহাজারী পার্বতী মডেল সরকারি উচ্চ বিদ্যালয়ের বড় হল রুমে (ইতি মধ্যে শিক্ষা প্রকৌশল বিভাগ কর্তৃক সংস্কার করা হয়েছে) রাখার সর্বসম্মত সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | সংশ্লিষ্ট কর্তৃপক্ষ ও প্রতিষ্ঠান প্রধান |
| ০৪ | উদ্বৃত্ত পাঠ্যপুস্তক উপজেলা গুদামে সংরক্ষণ সংক্রান্ত বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | এ সংক্রান্ত বিষয়ে বিস্তারিত আলোচনার পরে যে সকল শিক্ষা প্রতিষ্ঠানে বই উদ্বৃত্ত রয়েছে (২০১৫-২০২৩) সে সকল শিক্ষা প্রতিষ্ঠানকে জরুরী ভিত্তিতে উপজেলা গুদামে বই ফেরৎ প্রদানের সিদ্ধান্ত নেয়া হয়। | সকল প্রতিষ্ঠান প্রধান |
| ০৫ | ওয়েব সাইট খোলা সংক্রান্ত বিষয়ে সরকারি নির্দেশনা মাউশি স্মারক নং-.৩৭.০২.০০০০.১১৩.৪৯.০০১.১৯.২৮, তারিখ- ১৯/০৮/২০২৩ খ্রি. এর উপর বিস্তারিত আলোচনা করা হয়। | সকল শিক্ষা প্রতিষ্ঠানে নিজস্ব উদ্যোগে জরুরী ভিত্তিতে ওয়েব সাইট খোলার বিষয়ে সিদ্ধান্ত হয় এবং ওয়েব সাইটের ঠিকানা উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস সহ সংশ্লিষ্ট অফিসে প্রেরণের সিদ্ধান্ত নেয়া হয় । | সকল প্রতিষ্ঠান প্রধান |

| | | | |
|---|---|---|---|
| ০৬ | প্রত্যেক শিক্ষা প্রতিষ্ঠানে স্কাউটিং এবং গার্ল গাইডস্ কার্যক্রম জোরদার করার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭২.০৬.০৭৬.১২.৩৯৬ তারিখ: ২১/০৫/২০১৭ খ্রি. পরিপত্র পাঠ করে শুনানো হয়। | এ সংক্রান্ত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে সকল শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত শিক্ষার্থীদের স্কাউটিং এবং গার্ল গাইড কার্যক্রমের আওতায় আনার সিদ্ধান্ত হয়। পরিপত্র ৩.৩.২ ধারা মোতাবেক ধার্যকৃত ২৬.০০ (ছাব্বিশ) টাকার মধ্যে ১০.০০ (দশ) টাকা গার্ল গাইড ফি হিসেবে বছরের শুরুতে সেশন চার্জের সাথে আবশ্যিকভাবে আদায়ের মাধ্যমে গাইড তহবিল গঠন করা হবে। আদায়কৃত ফি এর মধ্যে ৬.০০ (ছয়) টাকা সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান ও গাইডারের যৌথ স্বাক্ষরে স্থানীয় ব্যাংকে পৃথক সঞ্চয়ী হিসাবে পরিচালিত হবে। অবশিষ্ট ৪.০০ (চার) টাকা সংশ্লিষ্ট জেলা শিক্ষা অফিসার বরাবর ক্রসড্ চেক/পে অর্ডারের মাধ্যমে প্রেরণ করতে হবে। জেলা শিক্ষা অফিসার ২.০০ (দুই) টাকা হারে সংশ্লিষ্ট গার্ল গাইড কমিশনার বরাবর এবং ২.০০ (দুই) টাকা হারে সংশ্লিষ্ট স্থানীয় কমিশনার বরাবর ক্রসড্ চেক/পে অর্ডার মারফত অবিলম্বে প্রেরণ করবেন মর্মে সভায় মতামত ব্যক্ত করা হয়। বাংলাদেশ গার্লস গাইড এসোসিয়েশন, হাটহাজারী, শাখা হিসাব নং- ৪৪৪২, বাংলাদেশ কৃষি ব্যাংক, হাটহাজারী, চট্টগ্রাম। | স্ব-স্ব প্রতিষ্ঠান প্রধান |
| ০৭ | বিবিধ আলোচনা। | উপজেলা নির্বাহী অফিসার শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকদের কোন সমস্যা থাকলে সরাসরি তাঁহার সাথে আলোচনা করতে এবং শিক্ষার মান উন্নয়নে, যৌন হয়রানি বন্ধে এবং বাল্য বিবাহ রোধে সকলকে আন্তরিকভাবে কাজ করতে হবে মর্মে নির্দেশনা প্রদান করেন। | স্ব-স্ব প্রতিষ্ঠান প্রধান |

পরিশেষে আর কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি সভার সমাপ্তি ঘোষনা করেন ।

২৬/০৮/২৩

এ.বি.এম. মশিউজ্জামান
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
মাসিক/ত্রৈমাসিক সমন্বয় সভা
হাটহাজারী, চট্টগ্রাম।

স্মারক নং-৩৭.০২.১৫৬১.১০১.০৫১৬.২৩-২৬৯/৯০(০৭) তারিখঃ ২৩/০৮/২০২৩ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরন করা হলো।(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. মহা পরিচালক মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা ।
২. পরিচালক (কলেজ প্রসাশন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা ।
৩. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হাটহাজারী , চট্টগ্রাম ।
৪. উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, চট্টগ্রাম অঞ্চল, চট্টগ্রাম ।
৫. জেলা শিক্ষা অফিসার, চট্টগ্রাম ।
৬. উপজেলা নির্বাহী অফিসার ,হাটহাজারী,চট্টগ্রাম ।
৭. অধ্যক্ষ/প্রধান শিক্ষক /সুপার-----------------------কলেজ/স্কুল এন্ড কলেজ /উচ্চ বিদ্যালয় /মাদ্রাসা হাটহাজারী, চট্টগ্রাম।
৮. অফিস কপি ।

২৩/০৮/২৩

(মোঃ মাইনুদ্দিন মজুমদার)
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
হাটহাজারী, চট্টগ্রাম ।
Email: useohathazari@gmail.com